

বনিকবার্তা

শনিবার, এপ্রিল ১২, ২০২৫



এনএসইউতে সামার ২০২৫ সেমিস্টারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ২০২৫ সালের সামার সেমিস্টারের ভর্তি পরীক্ষা গতকাল অনুষ্ঠিত হয়েছে। এতে চারটি স্কুলে ভর্তির (আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম) জন্য ৮ হাজার ৬০০ পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এ সময় পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন এনএসইউ উপাচার্য অধ্যাপক আবদুল হাম্মান চৌধুরী, কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান, অফিস অব অ্যাডমিশনের (আন্ডারগ্র্যাজুয়েট) পরিচালক অধ্যাপক কেএম সালাম। তিন-চারদিনের মধ্যে ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণা করা হবে বলে জানিয়েছে এনএসইউ অ্যাডমিশন অফিস। ফলাফলের জন্য এনএসইউর অফিশিয়াল ওয়েবসাইট দেখার অনুরোধ জানানো হয়েছে।

